তারিখ ... 16/8/83 ...
পৃষ্ঠা ... 1 কলাম 1 ...
017

দৈনিক বাংলা



# প্রফেসর শামসুল হক ঢাকা ভার্সিটির নয়া ভাইস-চ্যান্সেলর

চ্যান্সেলর বিজ্ঞান ফ্যাকাল্টির ডীন প্রফেসর মোহাম্মদ শামসুল হককে চার বছরের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিয়োগ করেছেন।

সোমবার রাতে এক সরকারী ঘোষণায় একথা জানানো হয়।

এ সময় খবরে প্রকাশ পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক্সের প্রফেসর ডঃ শামসুল হক প্রফেসর ফজলুল হালিম চৌধুরীর স্থলাভিষিক্ত হলেন।

গত ১০ই আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেট কর্তৃক ভাইস চ্যান্সেলর পদের জন্য মনোনীত তিন

(শেষ পৃঃ ২-এর ক কঃ)

## ভাইস চ্যান্সেলর

(১ম পৃঃ পর)

সদস্য প্যানেল থেকে সরকার তাঁকে নিয়োগ করেন।

তাঁর জন্ম কুমিল্লা জেলার লাকসামে ১৯২৬ সালে। কুমিল্লা জেলা স্কুল থেকে ১৯৪৪ সালে তিনি ম্যাট্রিক পাস করেন। ৪৬ সালে তিনি কলকাতার প্রেসিডেন্সী কলেজ থেকে উচ্চ মাধ্যমিক ডিগ্রি নেন। ৫০ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পদার্থ বিজ্ঞানে মাস্টার ডিগ্রি লাভ করেন এবং ৫২ সালে এই বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে যোগদান করেন। ৬৫ সালে তিনি যুক্তরাজ্যের লীডস বিশ্ববিদ্যালয় থেকে ডক্টরেট ডিগ্রি লাভ করেন।

৬৮ সালে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পদার্থ বিজ্ঞান বিভাগ প্রতিষ্ঠা করে তিনি রীডার হিসেবে বিভাগীয় চেয়ারম্যানের দায়িত্ব পালন করেন। তিনি সেখানে বিজ্ঞান অনুষদের ডীনও ছিলেন। ৭৩ সালে তিনি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের গবেষণা পরিচালক হিসেবে যোগদান করেন এবং পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিকস বিভাগের প্রফেসর হিসেবে যোগ দেন।

তিনি ১৯৮১ ও ১৯৮৩ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান অনুষদের ডীন নির্বাচিত হন এবং সম্প্রতি বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের সদস্য নির্বাচিত হন।

দেশী বিদেশী পত্রপত্রিকায় তাঁর বহু সংখ্যক প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

প্রফেসর শামসুল হক তিন সন্তানের জনক।